তারিখ ...25 MAY 2016...
পৃষ্ঠা ...১৩... কলাম ...৬...

যুগান্তর

# ছাত্রলীগকে পড়াশোনার পরামর্শ ওবায়দুল কাদেরের

যুগান্তর রিপোর্ট

ছাত্রলীগের নেতাকর্মীদের উদ্দেশে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, জনগণের আস্থা বিনষ্ট হয়, প্রধানমন্ত্রীর অর্জন ম্লান হয়— এমন কোনো কাজ তোমরা করবে না। বঙ্গবন্ধুর আদর্শ অনুসরণ এবং পড়াশোনা করতেও ছাত্রলীগের নেতাকর্মীদের অনুরোধ করেন তিনি। সেতুমন্ত্রী বলেন, ছাত্র রাজনীতিকে সাধারণ ছাত্রছাত্রীদের কাছে আকর্ষণীয় করে তুলতে হবে। না পারলে জনগণের আস্থা ফিরে আসবে না। মঙ্গলবার বিকালে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে ছাত্রলীগ আয়োজিত আলোচনা সভায় ওবায়দুল কাদের এসব কথা বলেন।